



বিদ্রোহী - কাজী নজরুল ইসলাম

বল বীর -

বল উন্নত মম শির।

শির নেহারি' আমারি নতশির ওই শিখর হিমাধিরা।

বল বীর -

বল মহাবিশ্বের মহাকাশ ফাড়ি

চন্দ্র সূর্য গ্রহ তারা ছাড়ি

ভুলোক দুলোক গোলক ভেদিয়া

খোদার আসন 'আরশ' ছেদিয়া,

উঠিয়াছি চির-বিশ্বয় আমি বিশ্ববিধাতর!

মম ললাটে রুদ্র ভগবান জ্বলে রাজ-রাজতীকা দীপ্ত জয়শ্রীর!

বল বীর -

আমি চির উন্নত শির!

আমি চিরদুর্দম, দুর্বিনীত, নৃশংস,

মহা- প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস!

আমি মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর,

আমি দুর্বীর,

আমি ভেঙে করি সব চুরমার!

আমি অনিয়ম উচ্ছৃঙ্খল,

আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল!

আমি মানি না কো কোন আইন,

আমি ভরা-তরী করি ভরা-ডুবি, আমি টর্পেডো, আমি ভীম ভাসমান মাইন!

আমি ধূর্জটি, আমি এলোকেশে ঝড় অকাল-বৈশাখীর

আমি বিদ্রোহী, আমি বিদ্রোহী-সুত বিশ্ব-বিধাতর!

বল বীর -

চির-উন্নত মম শির!

আমি ঝন্ঝা, আমি ঘূর্ণি,

আমি পথ-সমূখে যাহা পাই যাই চূর্ণি।

আমি নৃত্য-পাগল ছন্দ,

আমি আপনার তালে নেচে যাই, আমি মুক্ত জীবনানন্দ।

আমি হাধার, আমি ছায়ানট, আমি হিন্দোল,

আমি চল-চঞ্চল, ঠমকি ছমকি

পথে যেতে যেতে চকিতে চমকি

ফিং দিয়া দিই তিন দোল;

আমি চপলা-চপল হিন্দোল।



তারিখ: ০২/০২/২০২৪খ্রি.

চকরিয়া সরকারি কলেজের বার্ষিক সাহিত্য প্রতিযোগিতা'২৪ এ কবিতা আবৃত্তি ও  
বিতর্ক প্রতিযোগিতার নির্ধারিত বিষয়;

ক্র.নং	শ্রেণি	নির্ধারিত বিষয়
০১	একাদশ-দ্বাদশ কবিতা	কবিতার নাম: বিদ্রোহী (মুখস্ত ৩২লাইন) কবি: কাজী নজরুল ইসলাম বাছাই পর্ব: ০৬/০২/২০২৪খ্রি. (মঙ্গলবার, সকাল ১১ টা, স্থান: মুক্তিযুদ্ধ কর্নার) চূড়ান্ত প্রতিযোগিতা: ০৭/০২/২০২৪ (বুধবার, সকাল ০৯:৩০ মিনিট)
০২	স্নাতক(পাস ও সম্মান) কবিতা	কবিতার নাম: নির্ঝরের স্বপ্নভঙ্গ (সম্পূর্ণ কবিতা মুখস্ত) কবি: রবীন্দ্রনাথ ঠাকুর বাছাই পর্ব: ০৬/০২/২০২৪খ্রি. (মঙ্গলবার, সকাল ১১:৩০ মিনিট, স্থান: মুক্তিযুদ্ধ কর্নার) চূড়ান্ত প্রতিযোগিতা: ০৭/০২/২০২৪ (বুধবার, সকাল ১০:০০ টা)
০৩	একাদশ-দ্বাদশ বিতর্ক মডারেটর: জনাব শ্রী সবুজ কান্তি ধর ০১৭২২-৫৪৯৪৮৩	বিষয়: মাতৃভাষার চর্চায় বিদেশি ভাষা অন্তরায়। বাছাই পর্ব: ০৪/০২/২০২৪খ্রি. রবিবার দুপুর ১২:৩০ মিনিট, স্থান: ইংরেজি বিভাগ সেমিনার রুম চূড়ান্ত প্রতিযোগিতা: ০৭/০২/২০২৪ (বুধবার, দুপুর ১২:০০ টা)
০৪	স্নাতক(পাস ও সম্মান) বিতর্ক মডারেটর: জনাব শ্রী সবুজ কান্তি ধর ০১৭২২-৫৪৯৪৮৩	বিষয়: পুঁজিবাদ ও গণতন্ত্র সাংঘর্ষিক। বাছাই পর্ব: ০৪/০২/২০২৪খ্রি. রবিবার দুপুর ১২:৪০ মিনিট, স্থান: ইংরেজি বিভাগ সেমিনার রুম চূড়ান্ত প্রতিযোগিতা: ০৭/০২/২০২৪ (বুধবার, দুপুর ১২:৩০ মিনিট)

০২.০২.২৪  
ইন্দ্রজিৎ বড়ুয়া

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা

চকরিয়া সরকারি কলেজ

চকরিয়া কক্সবাজার।

ইন্দ্রজিৎ বড়ুয়া

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা

চকরিয়া সরকারি কলেজ

চকরিয়া, কক্সবাজার।



## নির্ব্বানের স্বপ্নভঙ্গ - রবীন্দ্রনাথ ঠাকুর

আজি এ প্রভাতে রবির কর  
কেমনে পশিল প্রাণের পর,  
কেমনে পশিল গুহার আঁধারে প্রভাতপাখির গান।  
না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ।  
জাগিয়া উঠেছে প্রাণ,  
ওরে উথলি উঠেছে বারি,  
ওরে প্রাণের বাসনা প্রাণের আবেগ রুধিয়া রাখিতে নারি।  
থর থর করি কাঁপিছে ভূধর,  
শিলা রাশি রাশি পড়িছে খসে,  
ফুলিয়া ফুলিয়া ফেনিল সলিল  
গরজি উঠিছে দারুণ রোষে।  
হেথায় হেথায় পাগলের প্রায়  
ঘুরিয়া ঘুরিয়া মাতিয়া বেড়ায় -  
বাহিরেতে চায়, দেখিতে না পায় কোথায় কারার দ্বার।  
কেন রে বিধাতা পাষণ হেন,  
চারি দিকে তার বাঁধন কেন!  
ভাঙ রে হৃদয়, ভাঙে বাঁধন,  
সাধ রে আজিকে প্রাণের সাধন,  
লহরীর পরে লহরী তুলিয়া  
আঘাতের পরে আঘাত কর।  
মাতিয়া যখন উঠেছে পরান  
কিসের আঁধার, কিসের পাষণ!  
উথলি যখন উঠেছে বাসনা  
জগতে তখন কিসের ডর!  
আমি ঢালিব করুণাধারা,  
আমি ভাঙিব পাষণকারা,  
আমি জগৎ প্রাবিয়া বেড়াব গাহিয়া  
আকুল পাগল-পারা।  
কেশ এলাইয়া, ফুল কুড়াইয়া,  
রামধনু-আঁকা পাখা উড়াইয়া,  
রবির কিরণে হাসি ছড়াইয়া দিব রে পরান ঢালি।  
শিখর হইতে শিখরে ছুটিব,  
ভূধর হইতে ভূধরে লুটিব,  
হেসে খলখল গেয়ে কলকল তালে তালে দিব তালি।  
এত কথা আছে, এত গান আছে, এত প্রাণ আছে মোর,  
এত সুখ আছে, এত সাধ আছে - প্রাণ হয়ে আছে ভোর।।  
কী জানি কী হল আজি, জাগিয়া উঠিল প্রাণ -  
দূর হতে শুনি যেন মহাসাগরের গান।  
ওরে, চারি দিকে মোর  
এ কী কারাগার ঘোর -  
ভাঙ ভাঙ ভাঙ কারা, আঘাতে আঘাত কর।  
ওরে আজ কী গান গেয়েছে পাখি,  
এসেছে রবির কর।।